



Date: 09.04.2016

Page: 04

ইঞ্জিনিয়ার আইয়ুব নবী খান পেলেন অমর একুশ স্মৃতি পদক

বাংলাদেশ শিক্ষা পর্যবেক্ষণ সোসাইটির পক্ষ থেকে সম্প্রতি 'বায়ান্নর ভাষা আন্দোলনে শিক্ষক ও শিক্ষার্থীদের অবদান: বর্তমান প্রেক্ষাপট' শীর্ষক আলোচনা ও সম্মাননা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন অ্যান্ড টেকনোলজির (বিইউএফটি) উপ-উপাচার্য অধ্যাপক ড. ইঞ্জিনিয়ার আইয়ুব নবী খানকে টেক্সটাইল শিক্ষায় বিশেষ অবদান রাখায় আয়োজক প্রতিষ্ঠানের পক্ষ থেকে 'অমর একুশ স্মৃতি পদক ২০১৬'তে ভূষিত করা হয়েছে। — প্রেস বিজ্ঞপ্তি